প্রথম আলো

তারিখ ... 29 DEC 2006 ...
পৃষ্ঠা 8 কলাম ... ৫ ......

শাহজালাল বিশ্ববিদ্যালয়

# চার ছাত্রের বহিষ্কারাদেশ প্রত্যাহারের দাবিতে ধর্মঘটের ডাক

শাহজালাল বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে র‍্যাগিংকে (উত্ত্যক্ত করা) কেন্দ্র করে চার ছাত্রের বহিষ্কারাদেশ প্রত্যাহারের দাবিতে ১৪ জানুয়ারি থেকে অনির্দিষ্টকালের ধর্মঘটের ডাক দিয়েছে ছাত্রলীগ বিশ্ববিদ্যালয় শাখা। গতকাল বৃহস্পতিবার উপাচার্যের কাছে পাঁচ দফা দাবিতে স্মারকলিপি দেওয়ার পর এক সমাবেশে তাঁরা এ কর্মসূচি ঘোষণা করেন।

কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড পলিমার সায়েন্স (সিইপি) ও পরিসংখ্যান বিভাগের প্রথম বর্ষ দ্বিতীয় সেমিস্টারের শিক্ষার্থীরা একই দাবিতে গতকাল তাঁদের ক্লাস পরীক্ষা বর্জন করেছেন।

বিশ্ববিদ্যালয় সূত্র জানায়, বুধবার অনুষ্ঠিত সিন্ডিকেটের সভায় বিশ্ববিদ্যালয়ের চারজন ছাত্রকে জরিমানাসহ বিভিন্ন মেয়াদে বহিষ্কার করা হয়। এ ছাড়া দুজনকে শুধু জরিমানা করা হয়। সভায় এ ছয়জনের বিরুদ্ধে র‍্যাগিংয়ের নামে কয়েকজন শিক্ষার্থীর সঙ্গে অশোভন আচরণের অভিযোগ আনা হয়।

বহিষ্কৃতরা হলেন—পরিসংখ্যান বিভাগের আব্দুল গফফার ফরহাদ, সিইপি বিভাগের মঞ্জুর আহমদ রনি ও রাকিব উদ্দিন রকিব এবং পদার্থবিজ্ঞান বিভাগের রফিকুল ইসলাম রফিক। পরিসংখ্যান বিভাগের মো. আদনান ও কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের শহীদুল হাসানকে শুধু জরিমানা করা হয়।

উপাচার্য ড. আমিনুল ইসলাম প্রথম আলোকে জানান, বিশ্ববিদ্যালয়ের আইনশৃঙ্খলা কমিটি ও সিন্ডিকেটের সব সদস্যের সিদ্ধান্তে এ শাস্তি দেওয়া হয়েছে।

এর প্রতিবাদে ছাত্রলীগ বিশ্ববিদ্যালয় শাখা গতকাল ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ করে। সংগঠনের ভারপ্রাপ্ত সভাপতি রতনচন্দ্র সরকারের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য দেন ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক গোলাম কবির, সাংগঠনিক সম্পাদক মোস্তাফিজুর রহমান রাজু,